

💵 গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় : গুনাহ মাফের উপায় রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

৯. আল্লাহ তা'আলার প্রতি ঈমানের ওয়াসীলায় ক্ষমা প্রার্থনা করা

মহান রব আল্লাহর প্রতি ঈমানের ওয়াসীলা করে কেউ যদি ক্ষমা প্রার্থনা করে তাহলে আশা করা যায় আল্লাহ তাকে ক্ষমা করবেন। আল্লাহ তা'আলা বলেন :

رَبَّنَا إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي لِلْإِيمَانِ أَنْ آمِنُوا بِرَبِّكُمْ فَآمَنَّا رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّبًاتِنَا وَتَوَفَّنَا مَعَ الْأَبْرَارِ

"হে আমাদের রব! নিশ্চয় আমরা শুনেছিলাম একজন আহবানকারীকে, যে ঈমানের দিকে আহবান করে যে, 'তোমরা তোমাদের রবের প্রতি ঈমান আনো'। তাই আমরা ঈমান এনেছি। হে আমাদের রব আমাদের গুনাহসমূহ ক্ষমা করুন এবং বিদূরিত করুন আমাদের ক্রটি-বিচ্যুতি, আর আমাদেরকে মৃত্যু দিন নেককারদের সাথে'।"[1]

ফুটনোট

[1]. সূরা আ-লি 'ইমরা-ন ০**৩ : ১৯৩**।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9112

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন